

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৫০

আগরতলা, ৮ নভেম্বর, ২০২৪

মন্ট ফোর্ট স্কুলের ত্রয়োদশ প্রতিষ্ঠা দিবস
ছাত্রছাত্রীদের মধ্যে নিয়মানুবর্তিতা ও আত্মবিশ্বাস গড়ে তুলতে হবে : রাজ্যপাল



শিক্ষা শুধুমাত্র পুঁথিগত বিদ্যা অর্জনের মধ্যেই সীমাবদ্ধ নয়। ছাত্রছাত্রীদের মধ্যে নিয়মানুবর্তিতা ও আত্মবিশ্বাস গড়ে তুলতে হবে। তাদের উৎসাহিত করে ভবিষ্যতে বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা করার উপযুক্ত করে গড়ে তুলতে হবে। আজ রাণীরখামারে মন্ট ফোর্ট স্কুলের ত্রয়োদশ প্রতিষ্ঠা দিবসের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একথা বলেন। ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে তিনি বলেন, দেশের সমৃদ্ধ সংস্কৃতি, ঐতিহ্য এবং মূল্যবোধে উদ্বুদ্ধ হতে হবে। দেশকে ভালোবাসতে হবে। তিনি ছাত্রছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মন্ট ফোর্ট স্কুলের প্রিন্সিপাল ব্রাদার জোসেফ রেড্ডি। ছাত্রছাত্রীরা অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
